হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-২০ ঃ মেহেরপুর- রোববার ২ নভেম্বন ২০২৫ ইং ঃ ১৭ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ১০ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



এখনই বিয়ে নিয়ে ভাবছি না
পূজা চেরি -পৃষ্ঠা-৩







# উৎসবমুখর পরিবেশে জাতীয় সমবায় দিবস উদযাপন

## বর্ণাঢ্য র‌্যালি, আলোচনা সভা, সম্মাননা ও গাছের চারা বিতরণ

নিজস্ব প্রতিবেদক

“সাম্য ও সমতায় দেশ গড়বে সমবায়”ড়এই প্রতিপাদ্যকে সামনে রেখে সারাদেশের মতো মেহেরপুরেও উৎসবমুখর পরিবেশে পালিত হয়েছে ৫৪তম জাতীয় সমবায় দিবস। শনিবার (১ নভেম্বর) জেলা সদরসহ মুজিবনগর ও গাংনী উপজেলায় দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি উদযাপিত হয়। সকালে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়। পরে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা সমবায় অফিসার এনামুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও পৌর প্রশাসক পার্থ প্রতিম শীল এবং সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম। অনুষ্ঠানে সমবায় খাতে বিশেষ অবদান রাখার জন্য জ্যোতি মহিলা সমবায় সমিতি লিমিটেডের পরিচালক উম্মে হানি চায়না, সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতি লিমিটেডের সভাপতি রেহেনা খাতুন এবং চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেডের সভাপতি আবুল কাশেমকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। একইসঙ্গে বিভিন্ন সমবায় সংগঠনের মাঝে গাছের চারা বিতরণ করা হয়। দিবসটি উপলক্ষে সকালে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলামের নেতৃত্বে এক বর্ণাঢ্য র‌্যালি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে ইসলামিক ফাউন্ডেশন চত্বরে শেষ হয়। র‌্যালিতে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, সমবায় সংগঠনের প্রতিনিধি এবং সাধারণ সদস্যরা অংশগ্রহণ করেন। অন্যদিকে, মুজিবনগর উপজেলায় সকাল ১০টায় উপজেলা পরিষদ চত্বর থেকে বর্ণাঢ্য র‌্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা সমবায় কর্মকর্তা মাহাবুবুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল। বিশেষ অতিথি ছিলেন থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান ও গুড নেভার বাংলাদেশ সিডিপির মেহেরপুর ম্যানেজার বিপুল রেমা। আলোচনা শেষে অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। গাংনী উপজেলায়ও সকাল সাড়ে ১০টায় উপজেলা পরিষদ চত্বর থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আলোচনা সভায় মিলিত হয়। উপজেলা সমবায় অফিসার আবু হাসেমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা।

২-এর পৃষ্ঠা দেখুন

## নদী রক্ষার বাঁধে ৬৭ লাখ টাকার প্রকল্প ভেসে গেল রাস্তা ও বসতবাড়ি হুমকির মুখে, স্থানীয়দের ক্ষোভ

রাব্বি আহমেদ, গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার সিন্দুরকোটা গ্রামসংলগ্ন মাথাভাঙ্গা নদীর তীরে নির্মিত নদী রক্ষার বাঁধে ভয়াবহ ভাঙন দেখা দিয়েছে। নদীর পাড় রক্ষা ও গ্রামীণ সড়ক টিকিয়ে রাখার উদ্দেশ্যে প্রায় ৬৭ লাখ টাকা ব্যয়ে নির্মিত এ বাঁধ ও রাস্তা এক বছরের মধ্যেই ধসে পড়েছে। স্থানীয়দের অভিযোগড়নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহার ও তদারকির অভাবেই সরকারি অর্থের এই প্রকল্প আজ ভেস্তে গেছে। খুলনা বিভাগ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে মাথাভাঙ্গা নদীর তীর রক্ষা বাঁধসহ সংলগ্ন সড়ক



নির্মাণের উদ্যোগ নেয় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)। ৬৬ লাখ ৯৩ হাজার টাকা ব্যয়ে কাজটি পায় স্থানীয় ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স অথই এন্টারপ্রাইজ। কাজ শুরুর পর নির্ধারিত সময়ে শেষ করতে পারেনি প্রতিষ্ঠানটি। প্রকল্পের নকশা অনুযায়ী বাঁধের পাশে ইউ-ড্রেন নির্মাণের কথা থাকলেও তা বাস্তবায়ন করা হয়নি। এলাকাবাসীর দাবি, নিম্নমানের ইট, বালি ও পাথর ব্যবহার করে কাজ শেষ করা হয় তড়িঘড়ি করে, যার ফলে প্রথম বর্ষাতেই বাঁধ ও রাস্তা ধসে পড়ে।সিন্দুরকোটা গ্রামের কামাল

২-এর পৃষ্ঠা দেখুন



## নরমাল ডেলিভারি: মা-বাবাদের হাতে জেলা প্রশাসকের উপহার

নিজস্ব প্রতিবেদক

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নরমাল ডেলিভারির মাধ্যমে সন্তান জন্ম দেওয়া মা-বাবার হাতে জন্ম সনদ ও শুভেচ্ছা উপহার সামগ্রী তুলে দিয়েছেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। গতকাল শনিবার দুপুর ১২টায় স্বাস্থ্য কমপ্লেক্সে এই উদ্যোগ বাস্তবায়ন করা হয়। নবজাতকের মা শারমিনা আক্তার বলেন, “অল্প খরচে সুস্থভাবে

২-এর পৃষ্ঠা দেখুন

## সাংবাদিকদের সুনাম ক্ষুণ্নের অপচেষ্টা

### গাংনীতে ফেসবুক পেজের বিরুদ্ধে অভিযোগ

নিজস্ব প্রতিবেদক

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে সাংবাদিকদের নামে ‘চাঁদাবাজি’ সংক্রান্ত মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত ভিডিও প্রকাশের অভিযোগে দুইটি ফেসবুক পেজের বিরুদ্ধে গাংনী থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। শুক্রবার রাত ১০টার দিকে মেহেরপুর জেলা প্রেসক্লাবের সদস্য ও গাংনী সংবাদ ফেসবুক পেজের সম্পাদক মোঃ তোফায়েল হোসেন, এ অভিযোগ দায়ের করেন। অভিযোগে গাংনী

২-এর পৃষ্ঠা দেখুন



## পাকা ও আধাপাকা ধানসহ ফসল নষ্ট, কৃষকরা অনিশ্চয়তায়

নিজস্ব প্রতিবেদক

অসময়ের বৃষ্টিতে মেহেরপুরের বিভিন্ন এলাকায় ধানসহ বিভিন্ন ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। গত বৃহস্পতিবার থেকে টানা বৃষ্টিতে মাঠের ধান মাটিতে লুটিয়ে পড়েছে, ফলে উৎপাদন ব্যাহত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। স্থানীয় কৃষকরা জানান, বছরের এই সময় ধান কাটার প্রস্তুতি নেওয়া হত, কিন্তু হঠাৎ টানা বৃষ্টিতে জমিতে পানি জমে

২-এর পৃষ্ঠা দেখুন

## ওয়েল্ডিং ব্যবসায়ীর আত্মহত্যা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী পৌরসভার চৌগাছা গ্রামে শামীম রেজা মিঠু (৩৫) নামের এক ওয়েল্ডিং ব্যবসায়ী আত্মহত্যা করেছেন। তিনি চৌগাছা মোল্লাপাড়ার মৃত খাজা আহম্মেদ মেম্বারের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, গতকাল শুক্রবার (৩১ অক্টোবর) দিবাগত রাতে কোনো এক সময়ে নিজ ব্যবসা প্রতিষ্ঠানের ভেতর গলায় রশি পেঁচিয়ে আত্মহত্যা করেন মিঠু। শনিবার সকালে দোকানের দরজা বন্ধ দেখে স্থানীয়রা সন্দেহ হলে দরজা ভেঙে তার ঝুলন্ত মরদেহ দেখতে পান। খবর পেয়ে গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে।





## আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে চুরি, ক্ষোভ অভিভাবকদের

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে চুরির ঘটনা ঘটেছে। গত সোমবার (২৮ অক্টোবর) রাতে বিদ্যালয় থেকে বই, পানির মোটর ও একটি ল্যাপটপ চুরি হয়। তবে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমেদ আলি জানিয়েছেন, খোয়া যাওয়া জিনিসপত্র সব

২-এর পৃষ্ঠা দেখুন



## মা ও নবজাতকের হাতে উপহার ও জন্মসনদ বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে নরমাল ডেলিভারিকে উৎসাহিত করতে জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড. মোহাম্মদ আবদুল ছালাম মা ও নবজাতকের জন্য শুভেচ্ছা উপহার ও জন্ম নিবন্ধন সনদ বিতরণ করেছেন। গতকাল শনিবার মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে জেলা প্রশাসকের পক্ষে সদরের নির্বাহী অফিসার মো: খায়রুল ইসলাম নবজাতকের জন্মের কয়েক ঘণ্টার মধ্যে ফ্রিতে জন্ম নিবন্ধন সনদ এবং মা ও শিশুর জন্য বিশেষ শুভেচ্ছা উপহার প্রদান করেন। উক্ত অনুষ্ঠানে মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার রুমানা হেলালী,

২-এর পৃষ্ঠা দেখুন

## কুমারখালীতে ধর্ষণের পর নারী হত্যা, লাশ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়ার কুমারখালীর নন্দলালপুর ইউনিয়ন সংলগ্ন রেল সেতুর নিচ থেকে রোকেয়া খাতুন (৫২) নামের এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গতকাল শনিবার সকাল সাড়ে ১১টার দিকে লাশ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। নিহত রোকেয়া খাতুন একই এলাকার আব্দুল ওহাবের স্ত্রী। প্রাথমিক ধারণা পুলিশের, তাকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে। স্থানীয়রা শনিবার সকাল ৬টার দিকে রেল সেতুর নিচে রক্তাক্ত মরদেহ দেখতে পান। পরে নিহতের ছেলে মো. রাসেল মায়ের মরদেহ সনাক্ত করেন। মরদেহে মাথায় আঘাতের চিহ্ন রয়েছে। রাসেল বলেন, তার মা

২-এর পৃষ্ঠা দেখুন



## দারিয়াপুর বাজারে ৩১ দফা পরিকল্পনা ছড়িয়ে দেওয়া হয়েছে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজারে শনিবার বিকালে মেহেরপুর বিএনপি গণসংযোগ ও ৩১ দফার লিফলেট বিতরণ করেছে। কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন নেতৃত্বে এ কার্যক্রম পরিচালিত হয়।

সংগঠনটিতে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা বিএনপির

২-এর পৃষ্ঠা দেখুন

## ভোলায় বিএনপি-বিজেপি সমর্থকদের সংঘর্ষে আহত ৫০

সূর্যোদয় প্রতিবেদন

ভোলা শহরে বিএনপি ও বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি)এর নেতাকর্মীদের মধ্যে দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে পুলিশ, সাংবাদিকসহ অন্তত ৫০ জন আহত হয়েছেন। এ সময় ককটেল বিস্ফোরণ, ইটপাটকেল নিক্ষেপ ও মোটরসাইকেল ভাঙচুরের ঘটনাও ঘটে। শনিবার (১ নভেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে শহরের নতুন বাজার ও পৌরসভা এলাকার সামনে এ সংঘর্ষ হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল ১১টার দিকে নতুন বাজার এলাকায় বিজেপির দলীয় কার্যালয় থেকে এক বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি সদর রোড, চকবাজার ঘুরে আবার নতুন বাজারে ফিরে সমাবেশ করে। অন্যদিকে, পূর্বঘোষণা অনুযায়ী বিএনপি দুপুর সাড়ে ১২টার দিকে মহাজনপট্টির দলীয় কার্যালয় থেকে মিছিল বের করে। মিছিলটি সদর রোড ও বাংলাস্কুল মোড় ঘুরে নতুন বাজার এলাকায় প্রবেশ করলে দুই দলের নেতাকর্মীদের মুখোমুখি সংঘর্ষ বাধে। এ সময় উভয় পক্ষ ইটপাটকেল নিক্ষেপ ও ককটেল বিস্ফোরণ ঘটায়। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাঠিচার্জ করে পরিস্থিতি

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (ফেসবুকে মানবিক সহায়তার নামে প্রতারণা)

প্রতারণার ফাঁদ পেতেছে
ধরণ একটু ভিন্ন
আমরা শুধু সাহায্য চাই
অচল মানুষের জন্য।
কেউ চাই মুখে মুখে
কেউ চায় লিখে
কেউবা আবার নতুনভাবে
বিকাশ নাম্বার দিয়ে।
অচল মানুষ আছে একজন
হুইল চেয়ার কিনবার
বিকাশে তে পাঠান টাকা
তিরিশ হাজার দরকার।
প্রতারণার ধরণ আর
দেখবো কত ভাই
দুঃস্থ মানুষের জন্য টাকা
কেমন করে খায়।




সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✓ অথেনটিক প্রোডাক্ট
✓ সেরা দাম
✓ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ রোববার ॥ ১৭ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২ নভেম্বর ২০২৫ইং

## রাজনৈতিক প্রভাবমুক্ত পুলিশই আইনের শাসন প্রতিষ্ঠা করতে পারে’- আইজিপি

সূর্যোদয় প্রতিবেদন

রাজনৈতিক প্রভাবমুক্ত একটি পেশাদার ও স্বাধীন পুলিশ গঠনের আহ্বান জানিয়ে বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম বলেন, “নেতারা দেশ চালাবেন, কিন্তু পুলিশের ওপর কোনো প্রভাব বিস্তার করবেন না‌সেই জায়গায় আমরা কবে পৌঁছব?” শনিবার (১ নভেম্বর) রাজধানীর কারওয়ান বাজারে দৈনিক প্রথম আলো কার্যালয়ে আয়োজিত এক গোলটেবিল বৈঠকে তিনি এ মন্তব্য করেন। আলোচনার বিষয় ছিল ‘বাংলাদেশ পুলিশের সংস্কার: চ্যালেঞ্জ ও করণীয়’। বৈঠকটি যৌথভাবে আয়োজন

৩-এর পৃষ্ঠা দেখুন

# উত্তেজনা প্রশমনের পথে যুক্তরাষ্ট্র-ভারত

সূর্যোদয় প্রতিবেদন

বহু বছর ধরে ওয়াশিংটন ও মস্কোর মধ্যে ভারসাম্য রক্ষার কৌশল গ্রহণ করেছিল ভারত। কিন্তু সাম্প্রতিক বছরগুলোতে যুক্তরাষ্ট্র ও ভারতের সম্পর্ক নানা টানাপোড়েনের মধ্য দিয়ে গেছে। বিশেষ করে, ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় দফা ক্ষমতায় ফেরার পর থেকে দিল্লি একাধিক সংকটে পড়ে। রাশিয়া থেকে তেল আমদানি অব্যাহত রাখায় ট্রাম্প প্রশাসন ভারতীয় পণ্যের ওপর ৫০ শতাংশ শুল্কারোপ করে, যা দুই দেশের সম্পর্ককে শীতল করে তোলে। তবে অবশেষে সম্পর্কের বরফ গলতে শুরু করেছে। ট্রাম্পের এশিয়া সফরের অংশ হিসেবে মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে যুক্তরাষ্ট্র ও ভারতের মধ্যে একটি ১০ বছরের প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আন্তর্জাতিক বিশ্লেষকদের মতে, এই চুক্তির মধ্য দিয়ে দুই দেশের মধ্যে চলমান উত্তেজনা প্রশমনের পথ খুলে যাবে। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ এবং ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং কুয়ালালামপুরে এক বৈঠকের পর যৌথভাবে চুক্তি স্বাক্ষরের বিষয়টি নিশ্চিত করেন। হেগসেথ বলেন, “এই চুক্তি দ্বিপাক্ষিক সমন্বয়, তথ্য বিনিময় এবং প্রযুক্তিগত সহযোগিতা বাড়াবে। এটি আঞ্চলিক স্থিতিশীলতা রক্ষায়ও ভূমিকা রাখবে।” বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, চুক্তিটি দুই দেশের প্রতিরক্ষা সম্পর্কে বিস্তৃত পরিসরে নীতিগত দিকনির্দেশনা প্রদান করবে। ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেন, “এই চুক্তি আমাদের ক্রমবর্ধমান কৌশলগত ঐক্যের প্রতীক। এটি অংশীদারত্বের এক নতুন দশকের সূচনা করবে। আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কে প্রতিরক্ষা একটি প্রধান স্তম্ভ। এই চুক্তির ফলে ইন্দো-প্যাসিফিক অঞ্চলে নিরাপত্তা নিশ্চিত হবে।” বিশ্লেষক প্রমিত পালক

৩-এর পৃষ্ঠা দেখুন


## সরকারের নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ হয়েছে ডা. তাহের

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, উপদেষ্টা পরিষদের সাম্প্রতিক সিদ্ধান্ত সরকারের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে। শনিবার (১ নভেম্বর) প্রধান উপদেষ্টার উদ্দেশে দেওয়া এক ভিডিও বার্তায় তিনি বলেন, গত সপ্তাহে আরপিও সংশোধনের যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে, তা একটি দলের অযৌক্তিক দাবির কাছে নতি স্বীকারের শামিল। “এই সরকারের কর্মকাণ্ড অতীতেও একটি বিশেষ দলের প্রতি আনুগত্যের বহিঃপ্রকাশ ঘটিয়েছে,”ড় যোগ করেন তিনি। ডা. তাহের অভিযোগ করেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



# হিমোগ্লোবিন বাড়বে যে খাবারে

সূর্যোদয় প্রতিবেদন

থ্যালাসেমিয়া রক্তের জেনেটিক ব্যাধি, যাতে আক্রান্ত বিশ্বের লাখ লাখ মানুষ। রক্তশূন্যতা থাকলে আয়রন সমৃদ্ধ খাবার খাওয়ার পরামর্শ দিয়েছেন চিকিৎসকরা। যেমন- পালং শাক, মুসুর ডাল, মটরশুঁটি, চর্বিহীন মাংস, হাঁস-মুরগি, মাছ। আয়রন সমৃদ্ধ খাবারে প্রচুর পরিমাণে ভিটামিন ‘সি’ থাকে। যেমন সাইট্রাস ফল, ক্যাপসিকাম এবং টমেটো ইত্যাদি। ভিটামিন বি ১২ এবং ফোলাট (ভিটামিন বি-৯) লোহিত রক্তকণিকা তৈরি করে। যে কারণে শরীরে হিমোগ্লোবিনের মাত্রা বেড়ে যায়। খাদ্য তালিকায় ফোলাট সমৃদ্ধ খাবার অন্তর্ভুক্ত করুন। যেমন শাক ও অ্যাভোকাডো। ভিটামিন বি ১২-এর উৎস। যেমন- ডিম, দুগ্ধজাত পণ্য, মাছ। বেদানার রসে রয়েছে উচ্চমাত্রার অ্যান্টিঅক্সিডেন্ট যা শরীরে রক্তের অভাব পূরণ করে।

গবেষণায় দেখা গেছে, নিয়মিত বেদানার রস পান করলে তা লোহিত রক্তকণিকা তৈরিতে সাহায্য করে। যে কারণে রক্ত চলাচল ভালো হয়। প্রাকৃতিক উপায়ে শরীরে রক্তের ঘাটতি মেটাতে বেদানার রস পান করুন। বিটরুটে প্রচুর পরিমাণে আয়রন, ফোলাট এবং অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে। যা হিমোগ্লোবিনের ঘাটতি মেটাতে কাজে লাগে। বিটরুটের রস পান করা বা সালাদ, স্যুপ বা স্মুদিতে বিটরুট যোগ করা আয়রনের ঘাটতি পূরণ করে। লোহিত রক্ত কণিকাও তৈরি হয়। এছাড়া শরীরে নাইট্রেটের ঘাটতি পূরণ করে বিটরুট। অক্সিজেনের প্রবাহ উন্নত করতে পারে। যা হিমোগ্লোবিনের সংখ্যা বাড়াতে সাহায্য করে। প্রচুর পানি পান করুন এবং এমন ফল খান যা শরীরকে হাইড্রেটেড রাখে। যেমন- শসা, তরমুজ

৩-এর পৃষ্ঠা দেখুন



## জনগণের দ্বারে বিএনপি: ইছাখালী-কামদেবপুরে ৩১ দফার লিফলেট বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ইছাখালী ও কামদেবপুর এলাকায় বিএনপির ৩১ দফা দাবি প্রচারে গণসংযোগ ও লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার (১ নভেম্বর ২০২৫) বিকেল ৫টার দিকে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পালিত হয়। এ সময় এলাকাবাসীর হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন নেতৃবৃন্দ। পাশাপাশি স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করে দলের বিভিন্ন কর্মসূচি সম্পর্কে অবহিত করেন তারা।

গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচিতে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আলমগীর খান ছাতু, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল

৩-এর পৃষ্ঠা দেখুন

## পারমাণবিক ওয়ারহেড বহনে সক্ষম ক্ষেপণাস্ত্র ইউক্রেনে নিক্ষেপ করছে রাশিয়া

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়া ইউক্রেনে গোপনে তৈরি নতুন ধরনের ক্রুজ ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করছে বলে জানিয়েছে আন্তর্জাতিক সংবাদ সংস্থা রয়টার্স। ইউক্রেনের উপপররাষ্ট্রমন্ত্রী আন্দ্রি সিবিহা বলেন, রাশিয়ার ব্যবহৃত এই ‘৯এম৭২৯’ নামের ক্ষেপণাস্ত্র অন্তত ২৩ বার ইউক্রেনের ভূখণ্ডে আঘাত হেনেছে। এই ক্ষেপণাস্ত্র পারমাণবিক ও প্রচলিত উভয় ধরনের ওয়ারহেড বহনে সক্ষম। অস্ত্রটির উন্নয়ন ঘিরেই ২০১৯ সালে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প রাশিয়ার সঙ্গে স্বাক্ষরিত পারমাণবিক অস্ত্র নিয়ন্ত্রণ চুক্তি (ওঘঋ ঞ্রৎবধঃ) থেকে সরে গিয়েছিলেন। ফ্রান্সভিত্তিক সংবাদ সংস্থা এএফপি জানায়, বৃহস্পতিবার রাতে ইউক্রেনের বিভিন্ন জ্বালানি স্থাপনা লক্ষ্য করে ব্যাপক ক্ষেপণাস্ত্র হামলা চালায়

৩-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুরে জামায়াতে ইসলামী’র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে শনিবার বিকেল ৫টায় গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। প্রধান সড়ক ও দোকানপাটে অনুষ্ঠিত এ কর্মসূচিতে নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান।

অনুষ্ঠানে মেহেরপুর সদর উপজেলার আমির সোহেল রানা, ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুল হোসেন, আমির মহসিন আলী, পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত আমির মিয়ারুল ইসলাম ও অন্যান্য

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভেনেজুয়েলায় হামলার কোনো পরিকল্পনা নেই: ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

ভেনেজুয়েলায় যুক্তরাষ্ট্র হামলা চালানোর কোনো পরিকল্পনা নেয়নি বলে জানিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে সাম্প্রতিক সপ্তাহগুলোতে ক্যারিবীয় অঞ্চলে যুক্তরাষ্ট্রের সামরিক উপস্থিতি হঠাৎ বেড়ে যাওয়ায় দেশটির সরকার উৎখাতের আশঙ্কা তৈরি হয়েছে। খবর এএফপি ও মিয়ামি হেরাল্ড। সম্প্রতি যুক্তরাষ্ট্র ক্যারিবীয় সাগরে নৌবাহিনীর আটটি যুদ্ধজাহাজ মোতায়েন করেছে। এছাড়া পুয়ের্তোরিকোতে পাঠানো হয়েছে রাডার ফাঁকি দিতে সক্ষম এফ৩৫ যুদ্ধবিমান, এবং অঞ্চলটির দিকে রওনা দিয়েছে একটি বিমানবাহী রণতরী স্ট্রাইক গ্রুপ। ওয়াশিংটনের দাবি, এই সামরিক প্রস্তুতির লক্ষ্য ভেনেজুয়েলায় সরকার পরিবর্তন নয়, বরং মাদক চোরাচালান দমন অভিযান। এয়ার ফোর্স ওয়ানে থাকা অবস্থায় এক সাংবাদিকের

৩-এর পৃষ্ঠা দেখুন




# চুয়াডাঙ্গায় সালমান শাহ হত্যার বিচারের দাবি

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় চিত্রনায়ক সালমান শাহ হত্যার রহস্য উদঘাটন ও দোষীদের দ্রুত ফাঁসির দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে আয়োজিত এই কর্মসূচিতে সালমান শাহ ভক্তরা অংশ নেন। মানববন্ধনে বক্তারা ক্ষোভ প্রকাশ করে বলেন, তরুণ প্রজন্মের আইডল সালমান শাহর হত্যা বাংলাদেশের সাংস্কৃতিক অঙ্গনের জন্য অনাকাঙ্ক্ষিত ঘটনা। দীর্ঘ বছর অতিবাহিত হলেও হত্যাকাণ্ডের রহস্য এখনো উন্মোচন হয়নি। বক্তারা দাবি জানান, যথাযথ তদন্তের মাধ্যমে দোষীদের চিহ্নিত করে দ্রুত গ্রেপ্তার ও কঠোর শাস্তির ব্যবস্থা করতে হবে। চুয়াডাঙ্গা সালমান শাহ ভক্তকুলের উদ্যোগে আয়োজিত এই মানববন্ধনে সভাপতিত্ব করেন

৩-এর পৃষ্ঠা দেখুন




## একই গ্রামের নিখোঁজ পাঁচ, উদ্ধারের দাবি পরিবারের

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় পিতা-পুত্রসহ একই গ্রামের পাঁচজনকে উদ্ধারের দাবিতে তাদের পরিবারের সদস্যরা মানববন্ধন করেছেন। গতকাল শনিবার (১ নভেম্বর) সকাল ১১ টার দিকে জীবননগর মুক্তমঞ্চে অনুষ্ঠিত এই মানববন্ধনে পরিবারের সদস্যরা

৩-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় উচ্ছেদ পরেই সরকারি জমিতে নতুন স্থাপনা

নিজস্ব প্রতিবেদক.কুস্টিয়া

কুষ্টিয়া শহরের কলেজ মোড় এলাকায় সরকারি জায়গা দখল ও উচ্ছেদ নিয়ে নতুন করে বিতর্ক দেখা দিয়েছে। সম্প্রতি পৌরসভা ও প্রশাসনের যৌথ অভিযানে ১৯টি অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হলেও, মাত্র নয় দিনের মধ্যেই সেই জায়গায় নতুন করে স্থাপনা নির্মাণ শুরু

৩-এর পৃষ্ঠা দেখুন



## রোহিতকে পেছনে ফেলে বিশ্বরেকর্ড গড়লেন বাবর আজম

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানি ব্যাটার বাবর আজম আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে সর্বাধিক রানের রেকর্ড গড়ে নতুন ইতিহাস তৈরি করেছেন। ভারতের রোহিত শার্মাকে পেছনে ফেলে লাহোরে সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টিতে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ৯ উইকেটে জয়ের পথে এই রেকর্ড গড়েন তিনি। ১০ মাসের পর টি-টোয়েন্টি খেলায় ফিরলেও প্রথম ম্যাচে দুই

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## ভবিষ্যতের উদ্ভাবনী নেটওয়ার্ক যা করবে

সূর্যোদয় প্রতিবেদন

ফাইবার নেটওয়ার্কের জন্য এআই সল্যুশন, উদ্ভাবনী অপটিক্যাল ট্রান্সপোর্টের প্রয়োগ এবং বিশেষ গ্রিন ফাইবারের জন্য বৈশ্বিক টেলিকম ও নেটওয়ার্ক এক্স সম্মেলনে তিনটি স্বীকৃতি পেয়েছে উদ্ভাবনী ব্র্যান্ড হুয়াওয়ে। প্যারিসের এই নেটওয়ার্ক এক্স সম্মেলনে টেলিযোগাযোগ খাতে সাফল্য ও উদ্ভাবনকে স্বীকৃতি দেওয়া হয়। অপটিক্যাল ট্রান্সমিশনের ক্ষেত্রে নেতৃত্ব দিয়ে আলট্রা হাই স্পিড নেটওয়ার্ক বাস্তবায়ন ও উদ্ভাবনে অগ্রণী ভূমিকা রাখছে ব্র্যান্ডটি। উদ্ভাবিত ৪০০জি/৮০০জি ও বিওয়ানটি আলট্রা হাই স্পিডট্রান্সমিশন, সি+ এল-ব্যান্ড আলট্রা-ওয়াইড স্পেকট্রাম এবং এন্ড-টু-এন্ড ওএক্সসি সুইচিংয়ের মতো



প্রযুক্তি সরবরাহ করে শিল্পোন্নয়নে সহায়ক শক্তি হিসেবে কাজ করছে। আলট্রা-ব্রডব্যান্ড ডেটা সেন্টার ইন্টারকানেকশন ও লসলেস ট্রান্সমিশনের মতো আধুনিক

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি) ,এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, রোববার, ২ নভেম্বর ২০২৫ ইং

## মানবিকতার মুখোশে প্রতারণা : এখনই কঠোর ব্যবস্থা জরুরি

মানবিক সহায়তার নামে ফেসবুকে প্রতারণা এখন উদ্বেগজনক ভাবে ছড়িয়ে পড়েছে। মেহেরপুরসহ দেশের বিভিন্ন এলাকায় সক্রিয় একাধিক চক্র অসহায় মানুষের ছবি, চিকিৎসা অনুরোধ কিংবা রক্তদানের পোস্ট ব্যবহার করে লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছে। মানবিকতার আবেগকে হাতিয়ার বানিয়ে এরা মানুষের বিশ্বাস ও সহানুভূতিকে বাণিজ্যের পণ্য বানিয়ে ফেলেছে এ এক ভয়াবহ সামাজিক ব্যাধি। ফেসবুকে মানবিক সহায়তার আবেদন নতুন নয়। অসংখ্য প্রকৃত অসহায় মানুষ এই মাধ্যমে সহায়তা পেয়েছেন, অনেকে বেঁচে গেছেন। কিন্তু কিছু অসাধু ব্যক্তি সেই বিশ্বাসযোগ্যতাকেই ধ্বংস করছে। অন্যের ছবি ও তথ্য ব্যবহার করে ভুয়া পেজ, গ্রুপ ও আইডি খুলে সহৃদয় মানুষদের প্রতারণার ফাঁদে ফেলছে। সবচেয়ে উদ্বেগের বিষয় হলোড়এমন অপরাধের বিরুদ্ধে প্রশাসনের কার্যকর পদক্ষেপ এখনো দৃশ্যমান নয়। ফলে এই চক্রগুলো আরও বেপরোয়া হয়ে উঠছে। এ অবস্থায় আইন-শৃঙ্খলা বাহিনী ও সাইবার ক্রাইম ইউনিটের বিশেষ অভিযান পরিচালনা করা প্রয়োজন। একইসঙ্গে সাধারণ মানুষকেও সচেতন হতে হবে। কোনো পোস্টে সহায়তা দেওয়ার আগে সংশ্লিষ্ট ব্যক্তির পরিচয় যাচাই, স্থানীয় সূত্রে খোঁজ নেওয়া এবং ভুয়া বা সন্দেহজনক পেজ-গ্রুপ রিপোর্ট করা অত্যন্ত জরুরি। মানবিকতা মানুষের সবচেয়ে বড় শক্তি। কিন্তু সেই মানবিকতাকে প্রতারণার মুখোশে বিকৃত হতে দেওয়া যায় না। এখন সময় এসেছে সামাজিক সচেতনতা, প্রশাসনিক উদ্যোগ ও প্রযুক্তিগত নজরদারির সমন্বয়ে এই মানবিক প্রতারণার রেশ থামানোর। অন্যথায়, একদিন মানুষ প্রকৃত অসহায়কেও সন্দেহ করতে শুরু করবেড়়া সমাজের জন্য ভয়াবহ বিপর্যয় বয়ে আনবে।

## মেহেরপুরের গারোল ভেড়ায় কৃষকের ভাগ্য বদল

লাবীবা আরজুমান্দ



মেহেরপুরের পশুপালকরা একটি বিশেষ প্রজাতির ভেড়া চাষের মাধ্যমে অর্জন করেছেন ব্যাপক ব্যবসায়িক সাফল্যের। এটি ভারতীয় এবং স্থানীয় বাংলাদেশি প্রজাতির ক্রসব্রিড প্রজনন? যা "গারোল" নামে পরিচিত। ২০০২ সালে বাণিজ্যিকভাবে শুরু হওয়া এই ব্যবসা বর্তমানে বছরে ৫০ কোটি টাকার বেশি আয় দিচ্ছে, জানিয়েছেন মেহেরপুর পশু বিভাগ কর্মকর্তারা। গল্পটি শুরু হয় মুজিবনগর উপজেলার তারানগর গ্রামের এক দূরদর্শী কৃষকের উদ্যোগে- যিনি ভারতের দুটি মেষ এনে স্থানীয় জাতের সঙ্গে সংকরায়ণ করেন, আর সেখান থেকেই জন্ম নেয় প্রথম ক্রসব্রিড মেষ।

এই নতুন জাত দ্রুত জনপ্রিয়তা পায়। ক্রসব্রিড মেষগুলো আকারে বড়, মাংসে সমৃদ্ধ এবং পরিচর্যায় সহজ ছিল। এরা ভেজা ঘাস খেতে পছন্দ করায় বাংলাদেশে খাওয়ানোও তুলনামূলকভাবে সহজ হয়ে যায়। এরপর অন্য পশুপালকরাও নতুন প্রজাতির সম্ভাবনা বুঝতে শুরু করেন। এক? পশুপালক জানান তিনি তার গাড়ি চালানোর চাকরি ছেড়ে দিয়ে হাত দিয়েছিলেন গারোল চাষে। গাড়ি চালিয়ে পরিবার চালানো কঠিন হয়ে পড়ায় দুই বছর আগে ৩০টি গারোল নিয়ে চাষ শুরু করেন। পরবর্তীতে ব্যবসা লাভজনক হওয়ায় এখন তিনি একজন সহকারীও নিয়োগ করেছেন। বর্তমানে তার খামারে ১০০টির বেশি গারোল আছে, যা থেকে তিনি বছরে ৩ লাখ টাকার বেশি আয় করছেন। কৃষকেরা মূলত গারোল ভেড়াকে ছানা উৎপাদনের জন্য পালন করেন। প্রতিটি গারোলের ছানা, ভেড়ার আকার ও স্বাস্থ্যের ওপর নির্ভর করে, ৪ হাজার থেকে ৬ হাজার টাকায় বিক্রি হয়। একজন মা গারোল বছরে দুইবার দুই থেকে তিনটি ছানা দেয়। প্রাণীটির মাংসের চাহিদাও দিন দিন বাড়ছে, ফলে অনেকেই এখন প্রাপ্তবয়স্ক গারোল পালন করছেন। একটি পূর্ণবয়স্ক গারোল থেকে ৩০ থেকে ৩৫ কেজি পর্যন্ত মাংস পাওয়া যায়? এবং এটি ১৫ থেকে ৩০ হাজার টাকায় বিক্রি হয়ে থাকে। বর্তমানে মেহেরপুরে ৫০০-এর বেশি গারোল খামার রয়েছে। এই খামারগুলো প্রতি বছর ৮০,০০০ গারোল উৎপাদন করছে, জানিয়েছেন পশু বিভাগ কর্মকর্তা। মেহেরপুর পশু বিভাগ কর্মকর্তা সাইদুর রহমান বলেন, মুজিবনগরের গারোল চাষীরা ক্রসব্রিডিংয়ে অনন্য নজির স্থাপন করেছেন। এখন পশুসম্পদ বিভাগ এই অভিজ্ঞতাকে দেশের অন্যান্য এলাকায় ছড়িয়ে দেওয়ার চেষ্টা করছে। তিনি আরও জানান, দেশে ভেড়া ক্রসব্রিডিং নিয়ে কোনো সরকারি প্রকল্প বা গবেষণা নেই। তাই মেহেরপুরের কৃষকদের অভিজ্ঞতার উপর নির্ভর করেই এখন গারোল চাষ সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হচ্ছে। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

## মসজিদ: শান্তির ঘর, নীতির পাঠশালা

মুহাম্মাদ মাহতাব হোসাইন

মসজিদশব্দটি থেকেই লুকিয়ে আছে শান্তি, পবিত্রতা এবং আত্মিক প্রশান্তির সুর। এটি এমন একটি স্থান, যেখানে মানুষ দুনিয়ার কোলাহল, প্রতিযোগিতা ও অহংকার ভুলে গিয়ে স্রষ্টার সান্নিধ্যে আত্মসমর্পণ করে। মাথা নত হয় অহংকারে নয়, ভালোবাসা ও বিনয়ের শক্তিতে। কিন্তু আজ মসজিদকে ঘিরে উঠে গেছে এক অস্বস্তিকর প্রশ্ন এটি কি রাজনীতির অঙ্গনে রূপ নিয়েছে? ইসলামের ইতিহাসে মসজিদ কখনোই রাজনৈতিক দলের কেন্দ্র ছিল না। নবী করিম (সা.) এর সময়ে মসজিদে আলোচনা হতো সমাজের উন্নয়ন, ন্যায় প্রতিষ্ঠা, শিক্ষা ও মানবকল্যাণ নিয়ে। সেখানে ক্ষমতার দখল বা দলের প্রভাবের জায়গা ছিল না। মিম্বর ছিল জ্ঞানের বাতিঘর, বিভেদের নয়। ইমাম আবু হানিফা রহ. বলেছেন, 'যে কাজ মসজিদের মর্যাদা ও শান্তি নষ্ট করে, তা হারাম বা মারাত্মকভাবে অপছন্দনীয়।' ইমাম ইবনুল কাইয়্যিম রহ. লিখেছেন, 'যেখানে আল্লাহর নাম উচ্চারিত হয়, সেখানে ক্ষমতার প্রতিযোগিতা স্থান পাওয়ার উপযুক্ত নয়।' কুরআনও বলে, "নিশ্চয়ই মসজিদসমূহ আল্লাহর জন্য; সুতরাং আল্লাহ ছাড়া অন্য কাউকে আহ্বান করো না।" মসজিদ ইসলামী সভ্যতার প্রাণকেন্দ্র। এখানে মানুষ শেখে বিনয়, শৃঙ্খলা, ভালোবাসা ও ন্যায়পরায়ণতা। কিন্তু রাজনৈতিক ছায়া যখন প্রবেশ করে, তখন মিম্বারের ভাষা হারায় তার মহিমা, সেজদার মাটিতে হারায় শান্তি। যেখানে একসময় আল্লাহর ভয়ে হৃদয় কেঁপে উঠত, সেখানে জেগে ওঠে প্রতিদ্বন্দ্বিতার আগুন। ইসলাম রাজনীতিকে নিষিদ্ধ করেনি, তবে মসজিদ কখনো দলীয় প্রচারণার মাঠ হতে পারে না। আমাদের সবচেয়ে জরুরি কাজ হলো মসজিদের পবিত্রতা পুনরুদ্ধারড়এটি হতে হবে নীতির পাঠশালা, যেখানে মানুষ নিজেকে পরিশুদ্ধ করে, দল নয়, আল্লাহর কাছে আত্মসমর্পণ করে।মসজিদের মিনারে হোক কেবল তাসবিহের ধ্বনি, প্রতিধ্বনিত হোক কুরআনের তেলাওয়াত।

উচ্চারিত হোক একটাই আহ্বান: "হে মানুষ, এসো আল্লাহর ঘরে, যেখানে সবাই সমান, সবাই শান্তিতে।" রাজনীতি নয়, নীতি ফিরে আসুক মসজিদে; ক্ষমতার নয়, বিনয়ের জয় হোক সেজদার মাটিতে।

## নদী রক্ষার বাঁধে ৬৭ লাখ টাকার

(প্রথম পৃষ্টার পর)

হোসেন বলেন, "ঠিকাদাররা কাজ করেছে যেমন খুশি তেমনভাবে। এলজিইডির কেউ সঠিকভাবে তদারকি করেনি বলেই এই দশা।" স্থানীয় বাসিন্দা ওয়াদুদ জানান, "বাঁধের ভাঙনে এখন আমাদের ঘরবাড়িও ঝুঁকিতে। একটু পানি বাড়লেই রাস্তা নদীতে চলে যাবে।" আরেক বাসিন্দা মাইনুলের দাবি, "আমরা আগেই বলেছিলাম কাজের মান ভালো না। এখন সেটিই সত্যি হলো।"

তবে বাঁধ ধসের ঘটনায় ঠিকাদারি প্রতিষ্ঠান অথই এন্টারপ্রাইজের কোনো কর্মকর্তা মন্তব্য করতে রাজি হননি। স্থানীয়দের অভিযোগ, কাজের মান নিয়ে প্রশ্ন তোলায় ঠিকাদার প্রভাব খাটিয়ে বিষয়টি ধামাচাপা দেওয়ার চেষ্টা করেন। গাংনী উপজেলা এলজিইডির প্রকৌশলী রোকনুজ্জামান বলেন, "ভাঙনের স্থান পরিদর্শন করেছি। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। তাদের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।"

ভাঙনের ফলে নদীর তীর ঘেঁষে থাকা অন্তত পাঁচটি পরিবারের বসতবাড়ি মারাত্মক ঝুঁকিতে পড়েছে। এলাকাবাসী আশঙ্কা করছেন, দ্রুত সংস্কার না হলে মাথাভাঙ্গা নদীর স্রোতে রাস্তা ও ঘরবাড়ি বিলীন হয়ে যাবে। এলাকাবাসী বলছেন, কেবল অস্থায়ী সংস্কার নয়, টেকসই বাঁধ নির্মাণই এখন একমাত্র সমাধান। পাশাপাশি দায়ী ঠিকাদারি প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের জবাবদিহির আওতায় আনার দাবি জানিয়েছেন তারা।

## উৎসবমুখর পরিবেশে জাতীয় সমবায়

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠানে বক্তব্য দেন চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সভাপতি আবুল কাশেম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দাল হক এবং ডিজিটাল বহুমুখী সমবায় সমিতির সভাপতি তোফায়েল হোসেন প্রমুখ। বক্তারা বলেন, সমবায়ের মাধ্যমে গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করা সম্ভব। সমবায় চেতনায় উদ্বুদ্ধ হয়ে সবাইকে দেশ গঠনে অংশ নিতে আহ্বান জানান তারা। উৎসবমুখর পরিবেশে তিন উপজেলার বিভিন্ন কর্মসূচি অংশগ্রহণকারীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি করে। সর্বস্তরের মানুষের অংশগ্রহণে মেহেরপুর জেলায় দিনব্যাপী সমবায়ের চেতনায় মুখরিত হয়ে ওঠে পুরো অঞ্চল।

## নরমাল ডেলিভারি: মা-বাবাদের হাতে

(প্রথম পৃষ্টার পর)

স্বাভাবিক ডেলিভারির মাধ্যমে আমার সন্তান জন্ম হয়েছে, এটা আমাদের জন্য অনেক স্বস্তির।" তার স্বামী তরিকুল ইসলাম যোগ করেন, "সিজারিয়ানে গেলে লাখ টাকার মতো খরচের আশঙ্কা থাকে। কিন্তু নরমাল ডেলিভারিতে স্বল্প খরচে মা ও নবজাতক দ্রুত সুস্থ হয়ে ওঠে।" গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নার্সরা জানান, সাধারণত নরমাল ডেলিভারি করালে মা ২৪ ঘণ্টার মধ্যে সুস্থ হয়ে ওঠেন। কিন্তু সিজারিয়ান অপারেশনের ক্ষেত্রে মাকে তিন মাসের মতো বেড রেস্ট করতে হয়। এতে খরচ বেড়ে যাওয়া ছাড়াও মায়ের শারীরিক কষ্টও অনেক বৃদ্ধি পায়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম বলেন, "নরমাল ডেলিভারি মা ও শিশুর জন্য বেশি উপকারী। সিজারিয়ান অপারেশন হলে সারাজীবন শারীরিক কষ্ট ভোগ করতে হয়, কিন্তু নরমাল ডেলিভারিতে সেই কষ্ট নেই। তাই মা ও নবজাতকের নিরাপত্তা নিশ্চিত করতে এই উদ্যোগ নেওয়া হয়েছে।" এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা আব্দুল্লাহ আল আজিজ।

## সাংবাদিকদের সুনাম ক্ষুন্নের অপচেষ্টা

(প্রথম পৃষ্টার পর)

উপজেলা প্রেস ক্লাব, গাংনী রিপোর্টার্স ক্লাব ও মেহেরপুর জেলা প্রেস ক্লাবের আরও কয়েকজন সাংবাদিকের স্বাক্ষর রয়েছে। অভিযোগপত্রে বলা হয়েছে, গত ২৬ আগস্ট গাংনী উপজেলা পরিষদের গেটের সামনে এক মানববন্ধনের সংবাদ সংগ্রহের পর আয়োজকরা সাংবাদিকদের দুপুরের খাবারের জন্য গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম কিছু অর্থ দেন। এ সময় অজ্ঞাত ব্যক্তি গোপনে ভিডিও ধারণ করে তা " সহিদুল ইসলাম " ও গাংনীর চোখ" নামের ফেসবুক পেজে পোস্ট করেন। সেখানে সাংবাদিকদের বিরুদ্ধে 'চাঁদাবাজির টাকা ভাগাভাগি' শিরোনামে বিভ্রান্তিকর ভিডিও প্রচার করা হয়। ভিডিও প্রকাশের মাধ্যমে সাংবাদিকদের পেশাগত, সামাজিক ও পারিবারিক মানহানি ঘটেছে বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। এতে প্রায় পাঁচ কোটি টাকার আর্থিক ক্ষতির দাবি করা হয়েছে। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি যাচাই-বাছাই করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে চুরি

(প্রথম পৃষ্টার পর)

ফেরত পাওয়া গেছে। স্থানীয় সূত্রে জানা গেছে, বিদ্যালয়ের বই বিক্রির সময় স্থানীয়দের সন্দেহ হলে দুই কিশোরকে আটক করা হয়। পরে জিজ্ঞাসাবাদে তারা বই, ল্যাপটপ ও পানির মোটর চুরির কথা স্বীকার করে। অভিযুক্তদের মধ্যে আমঝুপি হাটপাড়ার সূর্য (১৬), আছিফ (১৬), সাকুপাড়ার সাইফ (১৭), সাইম (১৭), নাজমুল (১৬) ও সাদিকুল (১৬) রয়েছে। এরা সবাই বিদ্যালয়ের ছাত্র।স্থানীয় অভিভাবকরা জানান, বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে কার্যকর নিরাপত্তা ব্যবস্থা নেই, নেই নৈশপ্রহরীও। বারবার অনুরোধ করা হলেও বিদ্যালয় কর্তৃপক্ষ ব্যবস্থা নেয়নি। তাদের অভিযোগ, প্রধান শিক্ষকের অবহেলার কারণেই এমন ঘটনার পুনরাবৃত্তি হচ্ছে। প্রধান শিক্ষক আহমেদ আলি বলেন, "এরা আমাদের বিদ্যালয়েরই ছাত্র। জিনিসগুলো তারা সরিয়ে রেখেছিল, পরে ফেরত দিয়েছে। বিষয়টি নিয়ে আমরা আজ (রবিবার) অভিভাবক ও ম্যানেজিং কমিটির সঙ্গে বৈঠক করে তাদের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।"

## পাকা ও আধাপাকা ধানসহ ফসল

(প্রথম পৃষ্টার পর)

ধানগাছ লুটিয়ে পড়েছে। গাংনী, মুজিবনগর ও সদর উপজেলার মাইলমারী, হিজলবাড়ীয়া, হরিরামপুর, গোভীপুর, শ্যামপুরসহ বিভিন্ন এলাকায় ক্ষতির চিত্র একই। অনেক কৃষক জানিয়েছেন, ধান পচে যাচ্ছে, কাদা জমায় মেশিন দিয়েও কাটা সম্ভব হচ্ছে না। মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সনজীব মৃধা বলেন, কিছু এলাকায় পাকা ধান ক্ষতিগ্রস্ত হয়েছে। মাঠপর্যায়ে কর্মকর্তারা ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণের কাজ করছেন এবং কৃষকদের দ্রুত ফসল ঘরে তোলার পরামর্শ দিচ্ছেন। আবহাওয়া অফিস জানিয়েছে, মৌসুমি বায়ুর প্রভাবে বৃষ্টি হলেও কয়েক দিনের মধ্যে আবহাওয়া স্বাভাবিক হবে। তবে অতিরিক্ত বৃষ্টিপাত হলে আরও ক্ষতির আশঙ্কা রয়েছে। এবারের অনাকাঙ্ক্ষিত বৃষ্টিতে মেহেরপুরের কৃষকরা অর্থনৈতিক অনিশ্চয়তায় রয়েছেন।

## মা ও নবজাতকের হাতে উপহার ও

(প্রথম পৃষ্টার পর)

পিরোজপুর ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান ইকবাল এনামুল কবির এবং ইউপি প্রশাসনিক কর্মকর্তা উপস্থিত ছিলেন। জেলা প্রশাসন নরমাল ডেলিভারিকে উৎসাহিত করার মাধ্যমে স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধির পাশাপাশি মা ও শিশুদের কল্যাণে গুরুত্বারোপ করছে।

## কুমারখালীতে ধর্ষণের পর নারী হত্যা

(প্রথম পৃষ্টার পর)

মানসিক ভারসাম্যহীন ছিলেন। কয়েকদিন আগে বাড়ি থেকে নিখোঁজ হয়েছিলেন। শুক্রবার সকালে তাকে গোয়ালনন্দ রেলস্টেশনে দেখা গিয়েছিল। কুমারখালী থানার উপপরিদর্শক (এসআই) আব্দুর রশিদ জানান, "মাথায় আঘাতের চিহ্ন আছে। প্রাথমিকভাবে ধর্ষণের পর হত্যা হয়েছে বলে ধারণা করা হচ্ছে। ময়নাতদন্তের রিপোর্ট এলে বিষয়টি নিশ্চিত হবে।" খন্দকার জিয়াউর রহমান বলেন, ময়নাতদন্তের রিপোর্ট না আসা পর্যন্ত সঠিক তথ্য বলা যাবে না।

## দারিয়াপুর বাজারে ৩১ দফা

(প্রথম পৃষ্টার পর)

সাবেক সাধারণ সম্পাদক শহীদুল্লাহ, নেতা নাসির মেম্বার, উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসানাত আফরোজ, জেলা যুবদলের সহ-সভাপতি বাবু সাবের, যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর সুজন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, পৌর যুবদলের সদস্য সচিব নওশেদ আহমেদ রনি এবং পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহি।

গণসংযোগে এলাকার জনগণকে ৩১ দফা পরিকল্পনার বিস্তারিত জানানো হয়েছে এবং স্থানীয় নেতারা তাদের বক্তব্য প্রদান করেছেন।

## ভোলায় বিএনপি-বিজেপি সমর্থকদের

(প্রথম পৃষ্টার পর)

শান্ত করে। সংঘর্ষে কয়েকটি মোটরসাইকেল ও বিজেপি কার্যালয়ের আসবাবপত্র ভাঙচুর করা হয়। সংঘর্ষের পর জেলা বিএনপি কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে জেলা বিএনপির সদস্যসচিব রাইসুল আলম অভিযোগ করে বলেন, "নির্বাচন বিলম্ব ও বানচালের ষড়যন্ত্রের প্রতিবাদে আমাদের মিছিল ছিল। প্রশাসনের নির্ধারিত সময় অনুযায়ী আমরা বের হয়েছিলাম। কিন্তু বিজেপির মিছিল সময় শেষে নতুন বাজারে অবস্থান নেয় এবং তারা আমাদের ওপর ঢিল ছোড়ে।"এতে আমাদের অন্তত ১৫ জন আহত হয়েছেন।" অন্যদিকে, অভিযোগ অস্বীকার করে বিজেপির জেলা সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট মনিরুল ইসলাম বলেন, "বিজেপির কর্মসূচি ছিল পুলিশের গাইডলাইন অনুযায়ী। সভার শেষ মুহূর্তে বিএনপি মিছিল নিয়ে এসে হামলা চালায়। আমাদের ৩৬ জন আহত হয়েছেন, তাঁদের মধ্যে ছয়জনকে বরিশালে ও বাকিদের ভোলা জেনারেল হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়েছে।" ভোলা সদর মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু শাহাদৎ মো. হাচনাইন পারভেজ বলেন, "বিএনপির মিছিল নির্ধারিত পথ না মেনে নতুন বাজারের দিকে গেলে বিজেপির কার্যালয়ের সামনে সংঘর্ষ শুরু হয়। ইটপাটকেল নিক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।" তিনি আরও বলেন, "যারা আইন অমান্য করে বিশৃঙ্খলা সৃষ্টি করেছে, তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

## বিএনপির ওপর দায় চাপানো অভ্যাসে পরিণত হয়েছে: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দেশের যেকোনো ঘটনায় বিএনপির ওপর দায় চাপানো এখন অনেকের অভ্যাসে পরিণত হয়েছে। তিনি বলেন, সমাজ ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে যারা জড়িত, তাদের রাজনৈতিক পরিচয় না দেখে আইনের আওতায় আনতে হবে।

শনিবার (১ নভেম্বর) দুপুরে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, 'সমাজ ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে বিএনপির কোনো নেতা-কর্মী জড়িত নয়। যদি কেউ বিএনপির নাম ব্যবহার করে অপকর্মে লিপ্ত হয়, তাদের কোনোভাবেই ছাড় দেওয়া হবে না।' তিনি অভিযোগ করেন, কোনো কিছু ঘটলেই বিএনপির ওপর দায় চাপানোর প্রবণতা এখন কারও কারও অভ্যাসে পরিণত হয়েছে। 'সমাজবিরোধী কাজে যারা জড়িত, তাদের আইনের আওতায় আনা সরকারের দায়িত্ব। কিন্তু দেখা যাচ্ছে, সরকারের আচরণে ঢিলেঢালা ভাব রয়েছে,' বলেন তিনি। রাউজানে অস্ত্রসহ কয়েকজন সন্ত্রাসী গ্রেপ্তারের ঘটনায় বিএনপির সম্পৃক্ততার অভিযোগের সমালোচনা করে রিজভী বলেন, 'কিছু গণমাধ্যম প্রমাণ ছাড়াই তাদের বিএনপির কর্মী বলে প্রচার করেছে, যা অত্যন্ত দুঃখজনক।' তিনি আরও জানান, রাউজানে বিভিন্ন অভিযোগে অনেক সিনিয়র নেতার বিরুদ্ধেও সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়েছে। একইসঙ্গে গণমাধ্যমকে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের আহ্বান জানিয়ে তিনি বলেন, 'একটি অসত্য সংবাদ রাষ্ট্র ও সমাজে বিভ্রান্তি সৃষ্টি করতে পারে।' গত ১৫ বছরের 'অত্যাচার ও অবিচার' থেকে মুক্তির জন্য বিএনপি আন্দোলন চালিয়ে আসছে উল্লেখ করে রিজভী বলেন, 'জুলাই-আগস্টের আন্দোলন সেই সংগ্রামকে চূড়ান্ত রূপ দিয়েছে। মানুষ কিছুটা স্বস্তি পেলেও এখনো পুরোপুরি আতঙ্কমুক্ত নয়।' আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে বিএনপির এই নেতা বলেন, 'জনগণের নিরাপত্তা নিশ্চিত করা সরকারের দায়িত্ব। রাষ্ট্র যদি সেই দায়িত্ব পালনে ব্যর্থ হয়, তাহলে যেকোনো সময় সামাজিক অস্থিরতা তৈরি হতে পারে।'

## জামায়াতকে নিষিদ্ধ করার আহ্বান আলালের

সূর্যোদয় প্রতিবেদন

একাত্তরের মানবতাবিরোধী অপরাধে জড়িত থাকার দায়ে জামায়াতকে নিষিদ্ধ করার আহ্বান জানিয়েছেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা মোয়াজ্জেম হোসেন আলাল। শনিবার (১ নভেম্বর) দুপুরে তিনি জাতীয় প্রেস ক্লাবে এক অনুষ্ঠানে এ মন্তব্য করেন। আলাল বলেন, "তৎকালীন সরকারের কাছ থেকেও জামায়াত সুবিধা পেয়েছিল। জামায়াতের অনেক শীর্ষ নেতা একসময় জাসদের সঙ্গে যুক্ত ছিল, গলাকাটা পার্টির সঙ্গে সম্পৃক্ত ছিল। ৫ আগস্টের পর থেকে শিবিরের অনেক সদস্য ছাত্রলীগের ভেতর থেকে বের হয়েছে, আর এখন তারা বলছেড়়তারা প্রকাশ্যেই ছিল।" তিনি আরও বলেন, "জামায়াত এখন রূপ বদলাতে শুরু করেছে। তারা হিন্দু সম্প্রদায়কে নিয়ে সমাবেশ করছে, যাতে বিএনপির ভাবমূর্তি নষ্ট হয়। কারণ, বিএনপি এখন এমন এক অর্জুন গাছের ছালের মতো; যার যখন প্রয়োজন কেটে নিয়ে যায়।" আলাল উল্লেখ করেন, দেশ বর্তমানে বহুরূপীদের খপ্পরে পড়েছে। এই পরিস্থিতিতে বিএনপির করণীয় হলো ধৈর্য ধরে সময়ের অপেক্ষা করা। একাত্তরের হত্যাযজ্ঞের দায়ে জামায়াতকে নিষিদ্ধ করার প্রয়োজনীয়তার দিকে ইঙ্গিত দিয়ে আলাল বলেন, "স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রশ্নে জনগণ আর প্রতারণা দেখতে চায় না।"

## 'নো ওয়েজ বোর্ড, নো মিডিয়া ' বিএফইউজের ৩৯ দফা দাবি

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) গণমাধ্যমের স্বাধীনতা ও সাংবাদিকদের সুরক্ষায় ৩৯ দফা দাবি উপস্থাপন করেছে। এই দাবির মধ্যে রয়েছে 'নো ওয়েজ বোর্ড, নো মিডিয়া' নীতি কার্যকর করা, সাংবাদিক সুরক্ষা নীতিমালা প্রণয়ন, সাংবাদিকদের সাপ্তাহিক ছুটি দুই দিন এবং সংবাদমাধ্যমের স্বাধীনতা বিরোধী সকল কালাকানুন বাতিল করা। শনিবার (১ নভেম্বর) সকালে জাতীয় প্রেস ক্লাবের সামনে বিএফইউজের আয়োজিত সমাবেশে মহাসচিব কাদের গনি চৌধুরী এই ৩৯ দফা দাবি পাঠ করেন। ঢাকা সাংবাদিক ইউনিয়নের সভাপতি শহিদুল ইসলাম সমাবেশের সভাপতিত্ব করেন। বক্তব্য দেন জাতীয় প্রেস ক্লাবের সভাপতি হাসান হাফিজ, বিএফইউজের সিনিয়র সহসভাপতি ওবায়দুর রহমান শাহীন, সহসভাপতি খায়রুল বাশার, একেএম মহসিন, ঢাকা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক খুরশীদ আলম, জাতীয় প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ আবদাল আহমদ, জাহাঙ্গীর আলম প্রধান, বাছির জামাল, এরফানুল হক নাহিদ, মোরসালিন নোমানী, রফিক মুহাম্মদ, রাশেদুল হক, দিদারুল আলম, সাঈদ খান, আবু বকর, অর্পণা রায়, মোদাব্বের হোসেন, খন্দকার আলমগীর, ডিএম অমর ও আল আমিন। সমাবেশে বক্তারা গণমাধ্যমের স্বাধীনতা রক্ষায় সকল সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। পাশাপাশি সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা, শ্রম ও অবকাঠামোগত অধিকার নিশ্চিত করতে সরকারের তৎপরতা দাবি করেন। বিএফইউজের এই উদ্যোগকে গুরুত্বপূর্ণ হিসেবে দেখছেন বিশ্লেষকরা, যারা মনে করেন, বর্তমান সময়ে সাংবাদিকদের সুরক্ষা ও স্বাধীনতার বিষয়গুলো প্রাতিষ্ঠানিকভাবে নিশ্চিত করা প্রয়োজন।

## নির্বাচন হলে দেশে গৃহযুদ্ধ হবে: শামীম হায়দার পাটোয়ারী

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় পার্টির মহাসচিব ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী বলেছেন, বিপুলসংখ্যক মানুষকে ভোটের বাইরে রেখে নির্বাচন হলে দেশের রাজনৈতিক পরিস্থিতি অস্থির হয়ে গৃহযুদ্ধের সম্ভাবনা তৈরি হতে পারে। শনিবার (১ নভেম্বর) বিকেলে রংপুর নগরীর জাতীয় পার্টি সেন্ট্রাল রোডস্থ দলীয় কার্যালয়ে কর্মী সভা শেষে তিনি এক সাংবাদিক সম্মেলনে এ হুঁশিয়ারি দেন। পাটোয়ারী বলেন, "বর্তমান প্রশাসনিক কাঠামো জামায়াত, বিএনপি ও এনসিপি ভিত্তিক। এই কাঠামোর মধ্যে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। দেশকে বাঁচাতে হলে সকল রাজনৈতিক পক্ষের মধ্যে ঐকমত তৈরি করতে হবে। বিপুলসংখ্যক মানুষকে ভোটের বাইরে রেখে নির্বাচন হলে দেশে গৃহযুদ্ধ শুরু হবে।" তিনি আরও বলেন, আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত জাতীয় নির্বাচন অন্তর্ভুক্তিমূলক হতে হবে। দেশের ইতিহাসে ২০০৮ সালের নির্বাচন পর্যন্ত জাতীয় পার্টি, জাসদ ও আওয়ামী লীগ মিলিয়ে শতকরা ৫০ ভাগ ভোট পেয়েছিল। তিনি উল্লেখ করেন, সরকারের উচিত সকল রাজনৈতিক দলকে নিয়ে জাতীয় সংলাপ আয়োজন করা, যাতে দীর্ঘমেয়াদী দ্বন্দ্ব এড়ানো যায়। পাটোয়ারী সমালোচনা করে বলেন, "কিছু দল ঐক্যমত কমিশনের অনুষ্ঠানে স্বাক্ষর করে এক ধরনের ফাঁদে পড়েছে। আজ তারা ঐক্যমত কমিশনের প্রতারণার শিকার হয়েছে। আমরা এমন কমিশন চাইনি।" এ সময় তিনি আরও মন্তব্য করেন, "জাতীয় পার্টিকে নিয়ে গভীর ষড়যন্ত্র করা হচ্ছে। তবে সুষ্ঠু ভোটের নিশ্চয়তা পেলে আমরা নির্বাচনে অংশগ্রহণ করব।" কর্মী সভায় জাতীয় পার্টির রংপুর মহানগর, জেলা ও সকল অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## যত বাধাই আসুক ফেব্রুয়ারিতে নির্বাচন হবে: ধর্ম উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

দেশে ইতিমধ্যে নির্বাচনী আমেজ তৈরি হয়েছে এবং রাজনৈতিক দলগুলো প্রার্থী বাছাই কার্যক্রম শুরু করেছে বলে মন্তব্য করেছেন ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন। তিনি বলেন, "যত বাধাই আসুক, আগামী ফেব্রুয়ারি মাসে উৎসবমুখর পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হবে।" শনিবার (১ নভেম্বর) দুপুরে লালমনিরহাট জেলা পরিষদ মিলনায়তনে 'সাম্প্রদায়িক সম্প্রীতি ও সৌহার্দ্যপূর্ণ বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভার পর তিনি এ কথা বলেন। ড. খালিদ হোসেন আরও বলেন, "ঘোলা পানিতে মাছ শিকারের জন্য কিছু লোক সবসময় চেষ্টায় থাকে। তারা অযৌক্তিক দাবি তুলে অস্থিরতা তৈরি করতে চায় এবং সরকারকে বিব্রত করতে চায়। এসব বিষয়ে নির্বাচন কমিশন কাজ করছে।" তিনি স্বীকার করেন, নির্বাচনকে কেন্দ্র করে দাবি-দাওয়া এবং আন্দোলন চলে এবং চলবে। তবে সরকারের পক্ষ থেকে যতটুকু সম্ভব সেই দাবিগুলো পূরণ করা হচ্ছে। তিনি পুনর্ব্যক্ত করেন, "নির্বাচন নির্ধারিত সময়েই অনুষ্ঠিত হবে।" সভায় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এইচ এম রকিব হায়দার, পুলিশ সুপার তারিকুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক এ কে এম মমিনুল ইসলাম, জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা হাবিবুর রহমান, জেলা এনসিপির প্রধান সমন্বয়কারী রাকিবুল হাসান সহ অন্যান্য রাজনৈতিক দলের নেতাকর্মীরা।

## আবারও টেস্ট অধিনায়ক নাজমুল হোসেন শান্ত

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) আবারও নাজমুল হোসেন শান্তকে টেস্ট দলের অধিনায়ক হিসেবে ঘোষণা করেছে। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ২০২৫২৭ চক্রে টেস্ট অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন তিনি। গত জুনে শ্রীলঙ্কা সফরে যাওয়ার এক দিন আগে শান্ত জানতে পারেন যে তিনি আর ওয়ানডে অধিনায়ক নন। পরে সেই সফরের শেষে তিনি টেস্ট সিরিজের নেতৃত্বও ছেড়ে দেওয়ার ঘোষণা দেন। এরপর সাড়ে চার মাস ধরে টেস্ট খেলার কোনো সূচি ছিল না। তবে আয়ারল্যান্ডের বিপক্ষে আসন্ন টেস্ট সিরিজের জন্য আবারও টেস্ট অধিনায়ক হিসেবে তাকে বেছে নিতে হয়েছে বোর্ডকে। বাংলাদেশ ক্রিকেট দলের তিন ফরম্যাটে ভিন্ন অধিনায়কের সংমিশ্রণ এখন এমনড় টি-টোয়েন্টিতে লিটন দাস, ওয়ানডেতে মেহেদী হাসান মিরাজ এবং টেস্টে নাজমুল হোসেন শান্ত। শান্ত ২০২৩ সালে প্রথমবারের মতো টেস্ট দলের নেতৃত্ব পান। এখন পর্যন্ত তিনি ১৪টি টেস্ট ম্যাচে বাংলাদেশকে নেতৃত্ব দিয়েছেন। তাঁর অধীনে বাংলাদেশ পাকিস্তানের মাঠে দুটি টেস্ট জিতে দেশের ইতিহাসে নতুন অধ্যায় রচনা করেছে। সবমিলিয়ে নাজমুলের অধীনে বাংলাদেশ টেস্টে ৪ জয়, ১ ড্র ও ৯ হার রেকর্ড করেছে। বিসিবির সংবাদ বিজ্ঞপ্তিতে নাজমুল হোসেন শান্ত বলেছেন, "বাংলাদেশ টেস্ট দলের নেতৃত্বের দায়িত্ব পালন করা আমার জন্য সত্যিই সম্মানের। বোর্ড যে আস্থা ও বিশ্বাস রেখেছে, তার জন্য আমি কৃতজ্ঞ। টেস্ট ক্রিকেটে দেশকে নেতৃত্ব দেওয়া আমার জীবনের সবচেয়ে বড় গর্বের বিষয়। আমাকে যে দায়িত্ব দেওয়া হয়েছে, তার প্রতিদান দেওয়ার জন্য আমি সর্বোচ্চ চেষ্টা করব।" আয়ারল্যান্ডের বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজটি চ্যাম্পিয়নশিপের অংশ না হলেও, শান্তই অধিনায়কত্ব করবেন। প্রথম টেস্টের সূচনা তার অধীনে হবে।

## অন্ধ্রপ্রদেশে মন্দিরে পদদলিত হয়ে ৯ জনের মৃত্যু

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের অন্ধ্রপ্রদেশ রাজ্যের শ্রীকাকুলাম জেলায় এক মন্দিরে পদদলিত হয়ে অন্তত ৯ জনের মৃত্যু হয়েছে। নিহতদের মধ্যে বেশিরভাগই নারী ও শিশু। এ ঘটনায় বহু মানুষ আহত হয়েছেন। শনিবার (১ নভেম্বর) সকালে জেলার ভেঙ্কটেশ্বর স্বামী মন্দিরে এ দুর্ঘটনা ঘটে। ভারতের সংবাদমাধ্যম এনডিটিভি জানায়, সকালে ধর্মীয় আচার পালনের সময় বিপুল সংখ্যক ভক্ত একসঙ্গে মন্দিরের ভিতরে প্রবেশের চেষ্টা করলে ঠেলাঠেলির সৃষ্টি হয়। এ সময় একটি লোহার রেলিং ভেঙে পড়ে, ফলে অনেকেই ভারসাম্য হারিয়ে পড়ে যান এবং পদদলিত হন। এতে ঘটনাস্থলেই কয়েকজনের মৃত্যু হয়। পরে হাসপাতালে আরও কয়েকজনের মৃত্যু হয় বলে জানিয়েছেন স্থানীয় প্রশাসনের কর্মকর্তারা। এক পুলিশ কর্মকর্তা জানান, "ভক্তরা হঠাৎ একসঙ্গে সামনে এগোতে থাকায় বিশৃঙ্খলা দেখা দেয়। রেলিং ভেঙে পড়ার পর সবাই একে অপরের ওপর পড়ে যান। নিহতদের মধ্যে দুটি শিশুও রয়েছে।" অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।